রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ২৯, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ **পৌষ** ১৪২২ বঙ্গাব্দ/ ২৮ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৮৩-আইন/২০১৫।**—ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন) এর ধারা ৩৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**প্রথম অধ্যায়**

**প্রারম্ভিক**

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহণ, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**-—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ''আইন'' অর্থ ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন);

(খ) ''আধার'' অর্থ ফরমালিন সংরক্ষণের জন্য ব্যবহৃত পাত্র ;

(গ) ''কমিটি'' অর্থ জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি বা উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি;

(ঘ) ''ছাড়পত্র'' অর্থ ফরমালিন আমদানির জন্য ফরম-ঠ তে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র;


**মূল্য :** টাকা ৪০.০০

(ঙ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার তফসিল;

(চ) ''ফরম'' অর্থ তফসিলে বিধৃত ফরম;

(ছ) ''লাইসেন্সী'' অর্থ লাইসেন্স গ্রহণকারী কোন ব্যক্তি।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## লাইসেন্সিং কর্তৃপক্ষ ও লাইসেন্স

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।—**আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে, ফরমালিন আমদানির ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে বাণিজ্য মন্ত্রণালয়, এবং উৎপাদনের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়।

৪। **লাইসেন্সের জন্য আবেদন।—**(১) আইন ও এই বিধিমালার অধীন ফরমালিন উৎপাদন, আমদানি, পরিবহণ, মজুদ, বিক্রয় ও ব্যবহারের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত ফরমে লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে, যথা:—

(ক) উৎপাদনের জন্য ফরম-ক;

(খ) আমদানির জন্য ফরম-খ;

(গ) পরিবহণের জন্য ফরম-গ;

(ঘ) মজুদ ও বিক্রয়ের জন্য ফরম-ঘ; এবং

(ঙ) ব্যবহারের জন্য ফরম-ঙ।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত তথ্য ও কাগজপত্রাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

(খ) নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার বা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(ঘ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে প্রদত্ত আবেদন ফি এর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঙ) আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

(চ) টি, আই, এন [Taxpayer Identification Number (TIN)], সনদপত্র;

(ছ) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(জ) আবেদনকারী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে, যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(ঝ) আবেদনকারী কোন কোম্পানী হইলে, উক্ত কোম্পানীর নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি;

(ঞ) ফরমালিন উৎপাদনের লাইসেন্সের ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ফরমালিনের সামগ্রিক চাহিদা নিরূপণ সংক্রান্ত প্রত্যয়নপত্র; এবং

(ট) ফরমালিন পরিবহণ করিবার উদ্দেশ্যে লাইসেন্সের আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট পরিবহণ যানের নকশা, ফিটনেস সার্টিফিকেট, ব্লু-বুক ও ইন্স্যুরেন্স সংক্রান্ত কাগজপত্রের মূল কপির সত্যায়িত অনুলিপি।

৫। **লাইসেন্স ফি**।—আইন ও এই বিধিমালার অধীন লাইসেন্সের জন্য আবেদনকারীকে নিম্ন ছকে উল্লিখিত ফি লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে, কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে, প্রদান করিতে হইবে, যথা:—

**'ছক'**

| **ক্রমিক নং** | **লাইসেন্সের ধরন** | **লাইসেন্স ফি (টাকায়)** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | ফরমালিন উৎপাদন | ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) |
| (২) | ফরমালিন আমদানি | ২,০০,০০০ (দুই লক্ষ) |
| (৩) | ফরমালিন মজুদ ও বিক্রয় | ১,০০,০০০ (এক লক্ষ) |
| (৪) | ফরমালিন ব্যবহার | (ক) বাণিজ্যক ব্যবহার ২৫,০০০(পঁচিশ হাজার);<br>(খ) সাধারণ ব্যবহার ১০ লিটার পর্যন্ত-<br>(অ) শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের জন্য ৫,০০০ (পাঁচ হাজার); এবং<br>(আ) অন্যান্য ৬,০০০ (ছয় হাজার);<br>(গ) সাধারণ ব্যবহার ১০ লিটারের উর্ধ্বে ৭,০০০ (সাত হাজার); |
| (৫) | ফরমালিন পরিবহন | ১,০০০ (এক হাজার)। |

৬। **লাইসেন্স ইস্যু, ইত্যাদি।—১)** বিধি ৪ এর অধীন লাইসেন্সের জন্য কোন আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ, উক্ত আবেদন এবং উহার সহিত দাখিলকৃত তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই ও পরীক্ষান্তে উক্ত আবেদন গ্রহণ বা বাতিল করিতে পারিবে।

(২) লাইসেন্সের জন্য আবেদন বিবেচনার সুবিধার্থে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে বিধি ৪ এর উপ-বিধি(২) এ উল্লিখিত তথ্য ও কাগজাদির অতিরিক্ত, তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে, এবং, প্রয়োজনে, আবেদনকারীর সংশ্লিষ্ট স্থাপনা, স্থান বা ফরমালিন উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় বা ব্যবহারের সহিত সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি পরিদর্শন করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৪ এর উপ-বিধি (১) এর অধীন আবেদন দাখিলের অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্য দিবসের মধ্যে উহা মঞ্জুর বা নামঞ্জুরের সিদ্ধান্ত প্রদান করিবে এবং আবেদন না মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে উক্ত সিদ্ধান্ত গ্রহণের ৭(সাত) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে তদ্‌সম্পর্কে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আবেদন মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত সিদ্ধান্ত অনুসারে নিম্নবর্ণিত ফরমে লাইসেন্স ইস্যু করিবে, যথা:—

(ক) উৎপাদনের জন্য ফরম-ছ;

(খ) আমদানির জন্য ফরম-জ;

(গ) পরিবহনের জন্য ফরম-ঝ;

(ঘ) বিক্রয়ের জন্য ফরম-ঞ; এবং

(ঙ) ব্যবহারের জন্য ফরম-ট।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ তদ্‌কর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সের অনুলিপি সংরক্ষণ করিবে।

৭। **লাইসেন্সের মেয়াদ, ইত্যাদি।—**(১) লাইসেন্সের মেয়াদ হইবে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, আবেদনকারীর আবেদনক্রমে কোন বৎসরের যে কোন ভগ্নাংশের জন্যও লাইসেন্স প্রদান করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন বৎসরের যে কোন ভগ্নাংশের জন্য কোন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লাইসেন্স ফি হ্রাস বা বৃদ্ধি পাইবে না।

৮। **লাইসেন্সের শর্তাবলী।—(১)** ফরমালিন আমদানি ও উৎপাদনের লাইসেন্স প্রদানের পূর্বে আবেদনকারীর নিকট হইতে সরকারের বরাবরে তৎকর্তৃক নির্ধারিত টাকার সিকিউরিটি বন্ড প্রদানপূর্বক এই মর্মে ঘোষণা গ্রহণ করিতে হইবে যে, এই বিধিমালার অধীন লাইসেন্সী ব্যতীত অন্য কাহারও নিকট ফরমালিন বিক্রয় করিবেন না।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও এই বিধিমালার সহিত সঙ্গতিপূর্ণ যে কোন শর্ত লাইসেন্সে উল্লেখ করিতে পারিবে।

৯। **লাইসেন্স নবায়ন, ইত্যাদি।–**(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ, এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, কোন লাইসেন্স ১ (এক) বৎসরের জন্য নবায়ন করিবে।

(২) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদন করিতে হইবে, যথা:-

(ক) লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে জমাপ্রদানকৃত কাগজপত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) নবায়ন ফি প্রদানের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার।

(৩) লাইসেন্স নবায়ন ফি হইবে মূল লাইসেন্স ফি এর ১০%।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের পরে লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করা হইলে নবায়ন ফি এর দ্বিগুণ হারে ফি প্রদান করিতে হইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স নবায়নের আবেদন সম্পর্কে, উহা প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং আবেদন প্রত্যাখ্যান করিলে উক্ত সিদ্ধান্ত ও উহার কারণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে, আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৬) লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা হইলে সংশ্লিষ্ট লাইসেন্স নবায়িত না হওয়া পর্যন্ত অথবা নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যন্ত লাইসেন্সটি বহাল আছে বলিয়া গণ্য হইবে।

১০। **লাইসেন্স স্থগিতের মেয়াদ।–**সাময়িকভাবে লাইসেন্স স্থগিতের মেয়াদ হইবে স্থগিতাদেশ জারীর তারিখ হইতে ৬০ (ষাট) দিন।

১১। **ডুপ্লিকেট লাইসেন্স।–**(১) কোন লাইসেন্স হারাইয়া গেলে বা উহা কোনভাবে বিনষ্ট হইলে লাইসেন্সী মূল লাইসেন্স ফি এর ২% হারে ফিসহ আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ ডুপ্লিকেট লাইসেন্স প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ডুপ্লিকেট লাইসেন্সের জন্য আবেদনের ক্ষেত্রে লাইসেন্সের জন্য আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্রের সত্যায়িত অনুলিপি এবং লাইসেন্স হারাইয়া যাওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানায় দায়েরকৃত সাধারণ ডায়েরীর কপি দাখিল করিতে হইবে।

১২। **পুনর্বিবেচনা ও আপীল আবেদনের জন্য ফি, ইত্যাদি।–**ধারা ৫ এর উপ-ধারা (৪) এর অধীন লাইসেন্স বাতিল আদেশের বিরুদ্ধে উপ-ধারা (৫) এর অধীন উক্ত আদেশ পুনর্বিবেচনা ও আপীলের আবেদনের জন্য লাইসেন্স ফি এর ৫% হারে ফি প্রদান করিতে হইবে।

১৩। **লাইসেন্স হস্তান্তরে বিধিনিষেধ।**—আইন ও এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না এবং লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে উক্ত লাইসেন্স বলে কোন কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

## তৃতীয় অধ্যায়
## কমিটি ও উহার কার্যপরিধি

১৪। **জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি গঠন।**—(১) জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | সদস্য |
| (৩) | সিভিল সার্জন | সদস্য |
| (৪) | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (৫) | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| (৬) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (৭) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (৮) | জেলা পরিষদের একজন প্রতিনিধি | সদস্য |
| (৯) | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| (১০) | কমিটি কর্তৃক মনোনীত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার দুই জন প্রতিনিধি | সদস্য |
| (১১) | বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেষ্টিং ইন্সটিটিউট এর একজন প্রতিনিধি (বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক) | সদস্য |
| (১২) | জেলা শিল্প ও বণিক সমিতির সভাপতি বা সম্পাদক | সদস্য |
| (১৩) | কনজ্যুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর একজন প্রতিনিধি | সদস্য |
| (১৪) | পৌরসভার (জেলা সদর) একজন প্রতিনিধি | সদস্য |
| (১৫) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য-সচিব। |

(২) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপট্ করিতে পারিবে।

১৫। **জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির দায়িত্ব ও কর্তব্য।**—জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সংশ্লিষ্ট জেলার ফরমালিন উৎপাদনকারী, আমদানিকারক, পরিবহনকারী, মজুদকারী, বিক্রয়কারী ও ব্যবহারকারীদের নাম, টেলিফোন নম্বর, ফ্যাক্স, ই-মেইল, ইত্যাদি সংরক্ষণ;

(খ) সংশ্লিষ্ট জেলার ফরমালিন উৎপাদনকারী, আমদানিকারক, পরিবহনকারী, মজুদকারী, বিক্রয়কারী বা ব্যবহারকারীদের কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শন;

(গ) লাইসেন্সীর কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শনকালে তাৎক্ষণিকভাবে উহার ব্যবহারকারী ও প্রান্তিক ব্যবহারকারীর নিকট হইতে বিক্রয়ের রেজিস্টার, রসিদ ও ভাউচার যাচাইকরণ ;

(ঘ) দফা (খ) ও (গ) এর অধীন কমিটির সদস্যগণ কর্তৃক কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শনকালে কোন অনিয়ম পরিলক্ষিত হইলে তদ্‌সম্পর্কে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য প্রযোজ্য দপ্তর বা সংস্থাকে অনুরোধ জ্ঞাপন; এবং

(ঙ) ফরমালিন ব্যবহারের ক্ষতিকর দিকসমূহ তুলিয়া ধরিয়া প্রচারের মাধ্যমে জনগণকে সচেতনকরণ।

১৬। **জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির সভা।**—(১) জেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির সভা, উহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, কমিটি প্রতি মাসে অন্তত ১ (এক) বার সভায় মিলিত হইবে।

(২) কমিটির সকল সভায় উহার সভাপতি সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভাপতির দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিটির কোন সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) কমিটির সভায় কোরামের জন্য সভাপতিসহ উহার মোট সদস্য সংখ্যার অর্ধেক সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) কমিটির সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

১৭। **উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি গঠন।—**(১) উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| (২) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (৩) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | সদস্য |
| (৫) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (৬) | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (৭) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (৮) | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| (৯) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (১০) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| (১১) | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| (১২) | উপজেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| (১৩) | কমিটি কর্তৃক মনোনীত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার দুই জন প্রতিনিধি | সদস্য |
| (১৪) | কনজ্যুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর প্রতিনিধি | সদস্য |
| (১৫) | পৌরসভার একজন প্রতিনিধি | সদস্য |
| (১৬) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য-সচিব। |

(২) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপট্‌ করিতে পারিবে।

১৮। **উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির কার্যপরিধি।—**উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সংশ্লিষ্ট উপজেলার ফরমালিন উৎপাদনকারী, আমদানিকারক, পরিবহনকারী, মজুদকারী, বিক্রয়কারী ও ব্যবহারকারীদের তালিকা সংরক্ষণ;

(খ) সংশ্লিষ্ট উপজেলার ফরমালিন উৎপাদনকারী, আমদানিকারক, পরিবহনকারী, মজুদকারী, বিক্রয়কারী ও ব্যবহারকারীদের কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শন;

(গ) দফা (খ) তে উল্লিখিত কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শনকালে কোন অনিয়ম পরিলক্ষিত হইলে কমিটির সদস্য-সচিব কর্তৃক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য প্রযোজ্য দপ্তর বা সংস্থাকে অনুরোধ জ্ঞাপন;

(ঘ) লাইসেন্সীর কারখানা, গুদাম বা স্টোর পরিদর্শনকালে তাৎক্ষণিক ব্যবহারকারী ও প্রান্তিক ব্যবহারকারী নিকট হইতে বিক্রয়ের রেজিস্টার, রশিদ ও ভাউচার যাচাইকরণ।

১৯। **উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির সভা।—(১)** উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটির সভা, উহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, উপজেলা ফরমালিন নিয়ন্ত্রণ কমিটি প্রতি মাসে অন্তত ১ (এক) বার সভায় মিলিত হইবে।

(২) কমিটির সকল সভায় উহার সভাপতি সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভাপতির দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিটির কোন সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) কমিটির সভায় কোরামের জন্য সভাপতিসহ উহার মোট সদস্য সংখ্যার অর্ধেক সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) কমিটির সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

## চতুর্থ অধ্যায়
## বিবিধ

২০। **হিসাব সংরক্ষণ।—(১)** আইন ও এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সবলে আমদানিকৃত, উৎপাদিত, বিক্রয়কৃত এবং ব্যবহৃত ফরমালিন এবং উহার কাঁচামালের যথাযথ হিসাব তফসিল-২ এ উল্লিখিত ফরমে সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রত্যেক মাসের শেষ সপ্তাহে লাইসেন্সি তাহার আমদানিকৃত, উৎপাদিত, বিক্রয়কৃত এবং ব্যবহৃত ফরমালিনের হিসাবের যোগফল ও সমাপ্তির জের পরীক্ষা করিয়া দেখিবেন এবং হিসাবের শুদ্ধতা সম্পর্কে সত্যায়নপূর্বক স্বাক্ষর প্রদান করিবেন।

(৩) প্রতি ৩ (তিন) মাস পর পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট ফরমালিনের হিসাবের বিস্তারিত বিবরণী প্রেরণ করিতে হইবে।

২১। **বিপদজনক পদার্থের বর্ণনা।**—প্রত্যেকটি ফরমালিনপূর্ণ আধার বা পাত্রের গায়ে এবং ফরমালিন পরিবহনকারী যানে ''ফরমালিন-বিপদজনক পদার্থ'' কথাটি বাংলায় স্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

২২। **ফরমালিনের গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ।**—আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সময়ে সময়ে, প্রজ্ঞাপন জারীর মাধ্যমে জনস্বাস্থ্যের বিষয় বিবেচনায় রাখিয়া বিজ্ঞান ভিত্তিক পরীক্ষার মাধ্যমে ফরমালিন ব্যবহারের ক্ষেত্রে উহার গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ করিবে।

২৩। **ফরমালিন আমদানির ক্ষেত্রে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে কোন লাইসেন্সি কর্তৃক ফরমালিন আমদানি করা যাইবে না।

(২) ছাড়পত্রের জন্য কোন লাইসেন্সি ফরম 'চ' তে আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহা যাচাই-বাছাইপূর্বক ফরম-ঠ তে ছাড়পত্র প্রদান করিবে।

২৪। **আটককৃত ফরমালিনের বৈধতা সম্পর্কে শুনানীর সুযোগ প্রদানের জন্য নোটিশ জারীর পদ্ধতি।**—(১) ধারা ১৯ এর অধীন বাজেয়াপ্তযোগ্য ফরমালিন আটক করা হইলে উহার সহিত সংশ্লিষ্ট অপরাধীকে পাওয়া না গেলে উক্ত আটককৃত ফরমালিনের বৈধতা সম্পর্কে আত্মপক্ষ সমর্থনের জন্য ৭ (সাত) কার্যদিবসের লিখিত নোটিশ প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশ লাইসেন্সিং কর্তৃপক্ষের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া জারী করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন জারীকৃত নোটিশে আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ধারিত তারিখ, সময় ও স্থানের বিষয়ে উল্লেখ থাকিবে।

২৫। **লাইসেন্সের মেয়াদ শেষে অবশিষ্ট কিংবা বিক্রয়ের অযোগ্য ফরমালিনের বিলিবন্দেজ।**—(১) আইন ও এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর উক্ত লাইসেন্সের আওতাধীন অবশিষ্ট সমুদয় ফরমালিন, সরকার মনোনীত কোন কর্মকর্তার মাধ্যমে, পাইকারী বাজার দরে অন্য কোন লাইসেন্সীর নিকট বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে।

(২) রাসায়নিক পরীক্ষক কর্তৃক, ব্যবহারের অযোগ্য ঘোষিত ফরমালিন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কর্তৃক মনোনীত উক্ত পরিষদের কোন কর্মকর্তার উপস্থিতিতে, ধ্বংস করিতে হইবে এবং এতদ্বিষয়ে একটি বিবরণী প্রস্তুতপূর্বক উহাতে উক্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন ধ্বংসপ্রাপ্ত ফরমালিনের হিসাব ধ্বংসের ১ (এক) সপ্তাহ সময়ের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**তফসিল-১**

**ফরম-ক**

*[বিধি ৪ (১) (ক) দ্রষ্টব্য]*

**ফরমালিন উৎপাদনের লাইসেন্সের আবেদনপত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | পিতা/স্বামীর নাম | : |
| | (গ) | মাতার নাম | : |
| | (ঘ) | জাতীয় পরিচয় পত্র নম্বর | : |
| | (ঙ) | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | |
| ২। | (ক) | প্রতিষ্ঠানের মালিকের নাম | : |
| | (খ) | পিতা/স্বামীর নাম | : |
| | (গ) | মাতার নাম | : |
| | (ঘ) | স্থায়ী ঠিকানা | : |
| | (ঙ) | বর্তমান ঠিকানা | : |
| | (চ) | টেলিফোন নম্বর | : |
| ৩। | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | | : |
| ৪। | কারখানার ঠিকানা | | : |
| ৫। | (ক) | ট্রেড লাইসেন্স নং | : |
| | (খ) | ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : |
| | (গ) | ট্রেড লাইসেন্স প্রদানের স্থান | : |
| | (ঘ) | ট্রেড লাইসেন্স প্রদানের তারিখ ও মেয়াদ | : |
| ৬। | (ক) | আয়কর পরিচিতি নম্বর (টিআইএন) | : |
| | (খ) | সার্কেল | : |
| | (গ) | জোন | : |
| | (ঘ) | বিগত ২ (দুই) বৎসরে আয়কর প্রদানের পরিমাণ | : |
| ৭। | ফরমালিন বা উহার উৎপাদিত বা কাঁচামালের নাম ও বাণিজ্যিক নাম ইত্যাদির বিস্তারিত বিবরণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীল মোহরযুক্ত পৃথক সীটে সংযোজন করা যাইবে) | | : |
| ৮। | (ক) | কারখানার উৎপাদন ক্ষমতা (মেট্রিক টন) (ফরমালিন বা উহার কাঁচামাল প্রত্যেকটির বিবরণ পৃথক পৃথকভাবে উল্লেখ করিতে হইবে) | : |

| | | | |
|---|---|---|---|
| | (খ) | ফরমালিন উৎপাদনের কাঁচামাল উৎপাদনে সক্ষম কি না (সক্ষম হইলে তালিকাসহ পূর্ণ বিবরণ দিতে হইবে) | : |
| | (গ) | ফরমালিন উৎপাদনের কাঁচামাল বা উপকরণ প্রাপ্তির উৎস | : |
| ৯। | কারখানা বা ল্যাবরেটরির নাম, নক্সা, স্থাপনা ও যন্ত্রপাতির পূর্ণ বিবরণ (বিবরণটি স্বাক্ষর ও সীলমোহরযুক্ত কাগজে পৃথকভাবে সংযোজন করা যাইবে) | | : |
| ১০। | কারখানা বা ল্যাবরেটরিতে নিযুক্ত কেমিষ্ট বা ফার্মাসিষ্টদের জীবনবৃত্তান্ত, সনদপত্র ও নিয়োগপত্র (স্বাক্ষর ও সীলমোহরযুক্ত কাগজে পৃথকভাবে সংযোজন করা যাইবে) | | : |
| ১১। | কেমিষ্ট ও ফার্মাসিষ্ট ব্যতীত অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা (স্বাক্ষর ও সীলমোহরযুক্ত কাগজে পৃথকভাবে সংযোজন করা যাইবে) | | : |
| ১২। | উৎপাদিত ফরমালিনের মান নিয়ন্ত্রণ সম্পর্কে বিবরণ | | : |
| ১৩। | (ক) | উৎপাদিত ফরমালিন মজুদের গুদাম/স্টোরের ঠিকানা | : |
| | (খ) | গুদাম বা স্টোরের ধারণ ক্ষমতা | : |
| | (গ) | গুদাম বা স্টোরের অবস্থা (কাঁচা/পাকা) | : |
| | (ঘ) | গুদাম বা স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : |
| ১৪। | (ক) | ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর আওতায় কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছেন কি না | : |
| | (খ) | শাস্তি ভোগ করিলে মামলার নম্বর ও ধারা | : |
| | (গ) | দন্ডাদেশ প্রদানের তারিখ | : |
| | (ঘ) | দন্ড ভোগ সমাপ্তির তারিখ | : |
| ১৫। | ইতোপূর্বে লাইসেন্স বাতিল করা হইয়াছে কি না (বাতিল করা হইয়া থাকিলে উহার কারণ) | | : |
| ১৬। | ইতোপূর্বে উৎপাদিত ফরমালিনের পরিমাণ, বিক্রয় ও মজুদের বিবরণী | | : |
| ১৭। | আবেদনকারীর আবেদনে যৌক্তিকতা প্রমাণের জন্য অন্যান্য তথ্য | | : |

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর ও
সীলমোহর

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-খ**

*[বিধি ৪ (১) (খ) দ্রষ্টব্য]*

**ফরমালিন আমদানির লাইসেন্সের জন্য আবেদনপত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | পিতা/স্বামীর নাম | : |
| | (গ) | মাতার নাম | : |
| | (ঘ) | জাতীয় পরিচয় পত্র নম্বর | : |
| | (ঙ) | স্থায়ী ঠিকানা | : |
| | (চ) | বর্তমান ঠিকানা | : |
| | (ছ) | টেলিফোন নম্বর | : |
| | (জ) | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | : |
| ২। | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা ও টেলিফোন নম্বর | | : |
| ৩। | জাতীয়তা | | : |
| ৪। | (ক) | ট্রেড লাইসেন্স নম্বর ও প্রকার | : |
| | (খ) | ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : |
| | (গ) | ট্রেড লাইসেন্স প্রদানের স্থান | : |
| | (ঘ) | ট্রেড লাইসেন্স প্রদানের তারিখ ও মেয়াদ | : |
| ৫। | (ক) | আয়কর পরিচিতি নম্বর (টিআইএন) | : |
| | (খ) | সার্কেল | : |
| | (গ) | জোন | : |
| | (ঘ) | বিগত ২ (দুই) বৎসরে আয়কর প্রদানের পরিমাণ (আয়কর সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে) | : |
| ৬। | (ক) | গুদাম/স্টোরের ঠিকানা | : |
| | (খ) | গুদাম/স্টোরের বর্ণনা (দৈর্ঘ্য, প্রস্থ, কাঁচা/পাকা, ইত্যাদি) | : |
| | (গ) | গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : |
| | | (স্ব-মালিকানাধীন জমির ক্ষেত্রে দলিলের সার্টিফাইড কপি এবং ভাড়ার ক্ষেত্রে চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি ও রসিদ সংযুক্ত করিতে হইবে) | |

| | | | |
|---|---|---|---|
| ৭। | চাহিদার যৌক্তিকতাসহ ফরমালিন বা উহার কি কি কাঁচামাল আমদানি করিতে চান, উহাদের বৈজ্ঞানিক নাম, বাণিজ্যিক নাম, ফর্মুলা ও পরিমাণসহ বিস্তারিত বিবরণ (স্বাক্ষর ও সীলমোহরযুক্ত কাগজে পৃথকভাবে সংযোজন করা যাইবে) | | : |
| ৮। | কত টাকা মূল্যের ফরমালিন আমদানি করিতে চান<br>(প্রত্যেক কাঁচামালের জন্য পৃথক পৃথকভাবে দেখাইতে হইবে) | | : |
| ৯। | আমদানির ক্ষেত্রে এলসি, ব্যাংক লোন ইত্যাদির বিবরণ | | : |
| ১০। | (ক) | আমদানির উদ্দেশ্য | : |
| | (খ) | আমদানির রুট | : |
| | (গ) | প্রবেশ পথ-সমুদ্র/বিমান/স্থল-বন্দর | : |
| | (ঘ) | আমদানির সম্ভাব্য সময়কাল | : |
| ১১। | | ইতোপূর্বে আমদানিকৃত ফরমালিনের পরিমাণ/ বিক্রয়/ ব্যবহার/বরাদ্দ সম্পর্কে তথ্য (প্রত্যেক কাঁচামালের জন্য পৃথকভাবে বিক্রয় সংক্রান্ত রেজিস্টার এর ছায়ালিপি সংযুক্ত করিতে হইবে) | : |
| ১২। | | ইতোপূর্বে লাইসেন্স পাইয়া থাকিলে উক্ত লাইসেন্স নম্বর ও প্রদানের তারিখ | : |
| ১৩। | (ক) | ইতোপূর্বে লাইসেন্স বাতিল হইয়াছে কি না | : |
| | (খ) | যদি লাইসেন্স বাতিল হইয়া থাকে তবে উক্ত লাইসেন্স বাতিলের কারণ | : |
| ১৪। | আমদানি কাজে সহায়তাকারী ইনডেন্টর/এজেন্টের নাম ও ঠিকানা | | : |
| ১৫। | (ক) | ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর আওতায় কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছেন কি না | : |
| | (খ) | উক্তরূপ শাস্তি ভোগ করিলে মামলার নম্বর ও ধারা | : |
| | (গ) | উক্তরূপ মামলার দণ্ডাদেশ প্রদানের তারিখ | : |
| | (ঘ) | উক্তরূপ দন্ড ভোগ সমাপ্তির তারিখ | : |
| ১৬। | আবেদনের স্বপক্ষে অন্যান্য তথ্যাদি (যদি থাকে) | | : |

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর ও
সীলমোহর

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-গ**

*[বিধি ৪ (১) (গ) দ্রষ্টব্য]*

**ফরমালিন পরিবহনের লাইসেন্সের জন্য আবেদন পত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | পিতা/ স্বামীর নাম | : |
| | (গ) | মাতার নাম | : |
| | (ঘ) | জাতীয় পরিচয় পত্র নম্বর | : |
| | (ঙ) | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | : |
| | (চ) | টেলিফোন নম্বর | : |
| ২। | প্রতিষ্ঠান/সংস্থার নাম ও ঠিকানা | | : |
| ৩। | নিয়ন্ত্রণাধীন মন্ত্রণালয়ের নাম(সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে) | | : |
| ৪। | পরিবহন যানের বর্ণনা- | | : |
| | (ক) | লাইসেন্স নম্বর | : |
| | (খ) | চেসিস নম্বর | : |
| | (গ) | ধারণ ক্ষমতা | : |
| ৫। | পরিবহনের রুট | | : |
| ৬। | ইতোপূর্বে লাইসেন্স গ্রহণ করা হইলে উক্ত লাইসেন্স নম্বর ও তারিখ | | : |
| ৭। | (ক) | ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর আওতায় কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছেন কিনা | : |
| | (খ) | শাস্তি ভোগ করিলে উক্ত মামলা নম্বর ও ধারা | : |
| | (গ) | উক্ত মামলার দণ্ডাদেশ প্রদানের তারিখ | : |
| | (ঘ) | দণ্ড ভোগ সমাপ্তির তারিখ | : |
| ৮। | ইতোপূর্বে লাইসেন্স বাতিল করা হইয়াছে কিনা (হইয়া থাকিলে বাতিলের কারণ সম্পর্কে বিবরণ) | | : |
| ৯। | আবেদনকারীর তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য অন্যান্য তথ্য সরবরাহ করিতে পারিবেন | | : |

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-ঘ**

**[বিধি ৪ (১) (ঘ) দ্রষ্টব্য]**

**ফরমালিন মজুদ ও বিক্রয়ের লাইসেন্সের জন্য আবেদন পত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | জাতীয় পরিচয় পত্র নম্বর | : |
| | (গ) | পিতা/স্বামীর নাম | : |
| | (ঘ) | মাতার নাম | : |
| | (ঙ) | স্থায়ী ঠিকানা | : |
| | (চ) | বর্তমান ঠিকানা | : |
| | (ছ) | টেলিফোন নম্বর | : |
| ২। | (ক) | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | : |
| | (খ) | টেলিফোন নম্বর | : |
| ৩। | জাতীয়তা | | : |
| ৪। | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | | : |
| ৫। | (ক) | ট্রেড লাইসেন্স নম্বর ও প্রকার | : |
| | (খ) | ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : |
| | (গ) | ট্রেড লাইসেন্স প্রদানের স্থান | : |
| | (ঘ) | ট্রেড লাইসেন্স প্রদানের তারিখ ও মেয়াদ | : |
| ৬। | (ক) | আয়কর পরিচিতি নম্বর (টিআইএন) | : |
| | (খ) | সার্কেল | : |
| | (গ) | জোন | : |
| | (ঘ) | বিগত ২ (দুই) বৎসরে আয়কর প্রদানের পরিমাণ | : |
| ৭। | যে ফরমালিন বিক্রয় করিতে ইচ্ছুক তাহার বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, ফর্মুলা ইত্যাদির বিস্তারিত বিবরণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক সীটে সংযোজন করা যাইবে) | | : |
| ৮। | (ক) | দোকানের ঠিকানা (পেরিফেরিসহ) | : |
| | (খ) | বিক্রয়তব্য ফরমালিন মজুদের গুদাম/ স্টোরের অবস্থান ও ঠিকানা (পেরিফেরিসহ) | : |

(গ) গুদাম/স্টোরের বর্ণনা (দৈর্ঘ্য, প্রস্থ, কাঁচা/পাকা ইত্যাদি) :

(ঘ) গুদাম/স্টোরের ধারণ ক্ষমতা :

(স্ব-মালিকানাধীন জমির ক্ষেত্রে দলিলের সার্টিফাইড কপি এবং ভাড়ার ক্ষেত্রে চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি ও রসিদ সংযুক্ত করিতে হইবে)

৯। দোকান/ প্রতিষ্ঠানে ফরমালিন বিক্রয়ের কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারীদের নামের তালিকা(এইরূপ ব্যক্তির নাম, পদবী ও নিয়োগপত্রের কপি স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক সীটে সংযোজন করা যাইবে) :

১০। দোকান/প্রতিষ্ঠানে নিযুক্ত কেমিস্টদের (যদি থাকে) জীবন বৃত্তান্ত (শিক্ষাগত যোগ্যতার সনদ ও নিয়োগপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) :

১১। (ক) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর অধীন কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছে কিনা :

(খ) শাস্তি ভোগ করিলে মামলার নম্বর ও ধারা :

(গ) দণ্ডাদেশ প্রদানের তারিখ :

(ঘ) দণ্ড ভোগ সমাপ্তির তারিখ :

১২। ইতোপূর্বে ফরমালিন মজুদ ও বিক্রয়ের লাইসেন্স বাতিল হইয়াছে কি না (বাতিল হইয়া থাকিলে বাতিলের কারণ সম্পর্কে বিবরণ) :

১৩। অন্যান্য তথ্য (আবেদনকারীর আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারিবেন) :

আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর

তারিখ:

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-ঙ**

**[বিধি ৪ (১) (ঙ) দ্রষ্টব্য]**

**ফরমালিন ব্যবহারের লাইসেন্সের জন্য আবেদনপত্র**

**(সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/বেসরকারি সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | পিতা/স্বামীর নাম | : |
| | (গ) | মাতার নাম | : |
| | (ঘ) | স্থায়ী ঠিকানা | : |
| | (ঙ) | বর্তমান ঠিকানা | : |
| | (চ) | টেলিফোন নম্বর | : |
| ২। | (ক) | দপ্তর/ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা | : |
| | (খ) | টেলিফোন নম্বর | : |
| ৩। | | জাতীয়তা | : |
| ৪। | | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | : |
| ৫। | (ক) | আয়কর পরিচিতি নম্বর (টিআইএন) | : |
| | (খ) | সার্কেল | : |
| | (গ) | জোন | : |
| | (ঘ) | বিগত ২ (দুই) বৎসরে আয়কর প্রদানের পরিমাণ | : |
| ৬। | | ফরমালিন বা উহার যে কাঁচামাল ব্যবহার করিতে ইচ্ছুক তাহার বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, ফর্মুলা, বার্ষিক চাহিদা ইত্যাদির বিস্তারিত বিবরণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক সীটে সংযোজন করা যাইবে) | : |
| ৭। | | ফরমালিন ব্যবহারের উদ্দেশ্য | : |
| ৮। | | প্রতিষ্ঠানের নকশা এবং ভাড়ার চুক্তিপত্র ও রসিদ সংযুক্ত করিতে হইবে (স্ব-মালিকানাধীন জমির ক্ষেত্রে দলিলের ছায়ালিপি পেশ করিতে হইবে) | : |
| ৯। | | প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারীদের নামের তালিকা (পৃথকভাবে সংযুক্ত করা যাইবে) | : |

| | | | |
|---|---|---|---|
| ১০। | (ক) | ব্যবহৃত ফরমালিন মজুদের গুদাম/ স্টোরের ঠিকানা | : |
| | (খ) | গুদাম/স্টোরের ধারণ ক্ষমতা | : |
| | (গ) | গুদাম/স্টোরের অবস্থা (কাঁচা/পাকা) | : |
| | (ঘ) | গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : |
| ১১। | | ফরমালিন ব্যবহারের কাজে নিয়োজিত থাকিবেন এইরূপ ব্যক্তিবর্গের নাম, পদবী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগদানের তারিখ (উল্লিখিত ব্যক্তিবর্গের জীবনবৃত্তান্ত ও নিয়োগপত্রের সত্যায়িত অনুলিপি পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে) | : |
| ১২। | (ক) | ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর অধীন কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছে কিনা | : |
| | (খ) | শাস্তি ভোগ করিলে মামলার নম্বর ও ধারা | : |
| | (গ) | মামলার দন্ডাদেশ প্রদানের তারিখ | : |
| | (ঘ) | দন্ড ভোগ সমাপ্তির তারিখ | : |
| ১৩। | | ইতোপূর্বে লাইসেন্স বাতিল হইয়াছে কি না (বাতিল হইয়া থাকিলে বাতিলের কারণ সম্পর্কে বিবরণ) | : |
| ১৪। | | অন্যান্য তথ্য বা আবেদনকারীর আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন | : |

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর ও
সীলমোহর

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-চ**

**[বিধি ২৩(২) দ্রষ্টব্য]**

**ফরমালিন আমদানির ছাড়পত্রের জন্য আবেদন পত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারীর নাম | : |
| | (খ) | জাতীয় পরিচয় পত্র নম্বর | : |
| | (গ) | পিতা/স্বামীর নাম | : |
| | (ঘ) | মাতার নাম | : |
| | (ঙ) | স্থায়ী ঠিকানা | : |
| | (চ) | বর্তমান ঠিকানা | : |
| | (ছ) | টেলিফোন নম্বর | : |
| ২। | ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা ও টেলিফোন নম্বর | | : |
| ৩। | জাতীয়তা | | : |
| ৪। | পাসপোর্ট নম্বর (যদি থাকে) | | : |
| ৫। | (ক) | ট্রেড লাইসেন্স নম্বর ও প্রকার | : |
| | (খ) | ট্রেড লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : |
| | (গ) | ট্রেড লাইসেন্স প্রদানের স্থান ও তারিখ | : |
| | (ঘ) | ট্রেড লাইসেন্স প্রদানের তারিখ ও মেয়াদ | : |
| ৬। | (ক) | ফরমালিন আমদানির লাইসেন্স নম্বর | : |
| | (খ) | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : |
| | (গ) | লাইসেন্স প্রদানের স্থান ও তারিখ | : |
| | (ঘ) | লাইসেন্সের মেয়াদ | : |
| ৬। | (ক) | আয়কর পরিচিতি নম্বর (টিআইএন) | : |
| | (খ) | সার্কেল | : |
| | (গ) | জোন | : |
| | (ঘ) | বিগত ২ (দুই) বৎসরে আয়কর প্রদানের পরিমাণ (আয়কর সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে) | : |
| ৭। | (ক) | গুদাম/স্টোরের ঠিকানা | : |
| | (খ) | গুদাম/স্টোরের বর্ণনা (দৈর্ঘ্য, প্রস্থ, কাঁচা/ পাকা ইত্যাদি) | : |
| | (গ) | গুদাম/স্টোরের ধারণ ক্ষমতা | : |
| | (ঘ) | গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : |

| | | |
|---|---|---|
| ৮। | চাহিদার যৌক্তিকতাসহ ফরমালিন বা উহার কি কি কাঁচামাল আমদানি করিতে চান, উহাদের বৈজ্ঞানিক নাম, বাণিজ্যিক নাম, ফর্মুলা ও পরিমাণসহ বিস্তারিত বিবরণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলসম্বলিত পৃথক সীট সংযোজন করা যাইবে) | : |
| ৯। | ফরমালিন আমদানির উদ্দেশ্য | : |
| ১০। | কত টাকা মূল্যের ফরমালিন আমদানি করিতে চান | : |
| ১১। | আমদানির ক্ষেত্রে এলসি, ব্যাংক লোন ইত্যাদির বিবরণ | : |
| ১২। | (ক) বর্তমান আমদানির উদ্দেশ্য | : |
| | (খ) আমদানির রুট | : |
| | (গ) প্রবেশ সমুদ্র/বিমান/স্থল-বন্দর | : |
| | (ঘ) আমদানির সম্ভাব্য সময়কাল | : |
| ১৩। | ইতোপূর্বে আমদানিকৃত ফরমালিনের পরিমাণ, বিক্রয়/ ব্যবহার/ বরাদ্দ সম্পর্কে তথ্য (প্রত্যেকবার ফরমালিন আমদানির জন্য বিক্রয় সংক্রান্ত রেজিস্টার এর ছায়ালিপি পৃথকভাবে সংযুক্ত করিতে হইবে) | : |
| ১৪। | ইতোপূর্বে কোন ফরমালিন আমদানির ছাড়পত্র পাইয়া থাকিলে তাহার নম্বর ও তারিখ | : |
| ১৫। | (ক) ইতোপূর্বে লাইসেন্স বাতিল হইয়াছে কিনা | : |
| | (খ) লাইসেন্স বাতিলের কারণ | : |
| ১৬। | আমদানি কাজে সহায়তাকারী ইনডেন্টর/ এজেন্টের নাম ও ঠিকানা | : |
| ১৭। | (ক) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এর অধীন কোন মামলায় শাস্তি ভোগ করিয়াছে কিনা | : |
| | (খ) শাস্তি ভোগ করিলে মামলার নম্বর ও ধারা | : |
| | (গ) মামলার দণ্ডাদেশ প্রদানের তারিখ | : |
| | (ঘ) দণ্ড ভোগ সমাপ্তির তারিখ | : |
| ১৮। | আবেদনের স্বপক্ষে অন্যান্য তথ্যাদি (যদি থাকে) | : |

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর ও
সীলমোহর

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-ছ**

**[বিধি ৬ (৪) (ক) দ্রষ্টব্য]**

**ফরমালিন উৎপাদনের লাইসেন্স**

এতদ্দারা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ফরমালিন উৎপাদনের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স ....................................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | লাইসেন্স নম্বর | | : | তারিখঃ |
| ২। | লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | | : | |
| ৩। | (ক) | প্রতিষ্ঠানের মালিকের নাম | : | |
| | (খ) | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ৪। | ঠিকানা- | | : | |
| | (ক) | অফিস | : | |
| | (খ) | কারখানা | : | |
| ৫। | উৎপাদনযোগ্য ফরমালিনের বা উহার কাঁচামালের বিস্তারিত বিবরণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে) | | : | |
| ৬। | উৎপাদনযোগ্য ফরমালিনের পরিমাণ | | : | |
| ৭। | প্রতিষ্ঠানে নিয়োজিত কেমিস্ট/ফার্মাসিস্টদের নাম | | : | |
| ৮। | গুদাম/স্টোর | | : | |
| | (ক) | ঠিকানা | : | |
| | (খ) | বর্ণনা (কাঁচা/পাকা) | : | |
| | (গ) | ধারণ ক্ষমতা | : | |
| | (ঘ) | গুদাম বা স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : | |

<u>শর্তাবলীঃ</u>

(১) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না।

(২) এই লাইসেন্সের অধীন উৎপাদিত ফরমালিন, ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না।

(৩) এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে ফরমালিন উৎপাদন, মজুদ ও বিক্রয় করা যাইবে না।

(৪) এই লাইসেন্সের তালিকাভুক্ত ফরমালিন বা এর রূপ ব্যতীত অন্য কোন ফরমালিন উৎপাদন, মজুদ,ও বিক্রয় করা যাইবে না।

(৫) এই লাইসেন্সে বর্ণিত পরিমাণের অতিরিক্ত ফরমালিন উৎপাদন, মজুদ ও বিক্রয় করা যাইবে না।

(৬) ফরমালিন উৎপাদনকারীকে সরকারের মনোনীত কর্মকর্তার অনুমোদিত ফার্মাকোপিয়া বা ফর্মূলা অনুসরণ করিতে হইবে।

(৭) দক্ষ কেমিস্ট বা ফার্মাসিস্ট এর প্রত্যক্ষ তত্ত্বাবধান ব্যতীত এই লাইসেন্সের আওতাভুক্ত কোন ফরমালিন উৎপাদন করা যাইবে না।

(৮) উৎপাদিত ফরমালিনের রাসায়নিক গুণাগুণ, মান ও কার্যকারিতা কোন স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষার পরই কেবল সরকার মনোনীত কর্মকর্তার অনুমোদনক্রমে উক্ত ফরমালিন বাজারজাত ও বিক্রয় করা যাইবে।

(৯) উৎপাদিত সকল ফরমালিনের মোড়ক ও লেবেলের গায়ে উহার উপাদানসমূহের পরিমাণ সম্পর্কে ঘোষণা থাকিতে হইবে।

(১০) উৎপাদিত ফরমালিন পূর্ণ আধার বা পাত্রের গায়ে ''ফরমালিন-বিপজ্জনক পদার্থ'' কথাটি বাংলা হরফে স্পষ্ট করিয়া লিখিত থাকিতে হইবে।

(১১) এই লাইসেন্সের আওতায় উৎপাদিত ও মজুদকৃত সকল ফরমালিনের চুরি হওয়া কিংবা বেহাত হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১২) লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোন ফরমালিন বিক্রয় বা কোনরূপ হস্তান্তর করা যাইবে না।

(১৩) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি অথবা সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা/ব্যক্তিকে যে কোন সময় লাইসেন্সকৃত কারখানার প্রাঙ্গণ, তদস্থিত যাবতীয় স্থাপনা, মজুদ ফরমালিন, রেজিস্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।

(১৪) লাইসেন্সধারীকে, নির্ধারিত ফরমে, উৎপাদিত সকল ফরমালিনের হিসাব নিয়মিতভাবে সংরক্ষণ করিতে হইবে।

(১৫) লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হইলে, কিংবা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী অমান্য করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।

(১৬) শর্ত ১৫ এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ বা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর অধীন ক্ষেত্রমত, আপীল বা পুনর্বিবেচনার আবেদন ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

(১৭) ফরমালিন উৎপাদনের পূর্বে ফরমালিন উৎপাদনের কাজে ব্যবহৃত উপাদান ও কাঁচামাল শিল্প মন্ত্রণালয় কর্তৃক পরীক্ষা করাইয়া লইতে হইবে এবং উক্ত পরীক্ষার ফলাফল উৎপাদনকারীকে যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।

(১৮) সরকার কর্তৃক স্বীকৃত ফার্মাকোপিয়া/সূত্র বা আন্তর্জাতিক ফর্মূলা লঙ্ঘন করিয়া কোন ফরমালিন উৎপাদন করা যাইবে না।

(১৯) উৎপাদিত ফরমালিন বিক্রয় বা সরবরাহ করিবার পূর্বে সংশ্লিষ্ট ফরমালিন মানসম্পন্ন কিনা তাহা পরীক্ষা করিবার জন্য উহার নমুনা বিএসটিআই তে প্রেরণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট ফরমালিন মানসম্পন্ন মর্মে বিএসটিআই কর্তৃক ছাড়পত্র প্রদান না করা পর্যন্ত উহা বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

(২০) বিএসটিআই এই লাইসেন্সের অধীন উৎপাদিত ফরমালিন যে কোন সময় স্বত:প্রণোদিত হইয়া পরীক্ষা করিতে পারিবে এবং উৎপাদিত ফরমালিন মানসম্পন্ন না হইলে সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করার জন্য লাইসেন্সি কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ করিবে।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-জ**

**[বিধি ৬(৪) (খ) দ্রষ্টব্য]**

**ফরমালিন আমদানির জন্য লাইসেন্স**

এতদ্দারা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ফরমালিন আমদানির জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স ........................................................ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | লাইসেন্স নম্বর | | : | তারিখঃ |
| ২। | লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | | : | |
| ৩। | (ক) | লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের মালিকের নাম | : | |
| | (খ) | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ৪। | ঠিকানা- | | : | |
| | (ক) | অফিস | : | |
| | (খ) | ব্যবসা স্থান | : | |
| ৫। | (ক) | ড্রাগ লাইসেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| | (খ) | ড্রাগ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ | : | |
| ৬। | আমদানির জন্য নির্বাচিত ফরমালিন বা বিভিন্ন কাঁচামালের বিস্তারিত বিবরণ ও পরিমাণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে) | | : | |
| ৭। | আমদানিতব্য ফরমালিন মজুদের স্থান- | | : | |
| | (ক) | গুদাম/স্টোরের ঠিকানা | : | |
| | (খ) | বর্ণনা (কাঁচা/পাকা) | : | |
| | (গ) | ধারণ ক্ষমতা | : | |
| | (ঘ) | গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : | |
| ৮। | আমদানির উদ্দেশ্য | | : | |

<u>শর্তাবলীঃ</u>

(১) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না।

(২) এই লাইসেন্সের অধীন আমদানিকৃত ফরমালিন, ফরমালিন নিয়ন্ত্রণ আইন ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না।

(৩) এই লাইসেন্সের আওতায় কোন ফরমালিন আমদানি বা বিক্রয় করিতে হইলে এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলী ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি নীতিমালা এবং শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নিয়ম-কানুনসমূহ যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

(৪) এই লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতিরেকে অন্য কোথাও এই লাইসেন্সের আওতায় ব্যবসা পরিচালনা এবং আমদানিতব্য ফরমালিন মজুদ রাখা যাইবে না।

(৫) দেশের এবং বিদেশের বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সঙ্গে উভয় দেশের প্রচলিত আইনের বিধান পালন করত: এই লাইসেন্সের আওতায় ফরমালিন আমদানি ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করিতে হইবে।

(৬) উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করত: আমদানিতব্য যাবতীয় ফরমালিন সংরক্ষণ ও মজুদ করিতে হইবে।

(৭) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি অথবা সরকার মনোনীত কর্মকর্তাকে যে কোন সময় লাইসেন্সকৃত প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, তদস্থিত যাবতীয় স্থাপনা, মজুদ ফরমালিন, রেজিস্টারসমূহ, হিসাব-পত্র, ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।

(৮) প্রত্যেকবার ফরমালিন আমদানির পর সরকার/সরকার মনোনীত কর্মকর্তাকে লিখিতভাবে রিপোর্ট করিতে হইবে এবং উক্ত কর্মকর্তার ব্যক্তিগত উপস্থিতি ও পরীক্ষা-নিরীক্ষা ছাড়া কোন ফরমালিনের মোড়ক খোলা বা উহা হইতে কোন কিছু অপসারণ করা যাইবে না।

(৯) লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারও নিকট আমদানিকৃত ফরমালিন বিক্রয় বা উহা কোনরূপ হস্তান্তর করা যাইবে না।

(১০) লাইসেন্সধারীকে, নির্ধারিত ফরমে আমদানিকৃত সকল ফরমালিনের হিসাব নিয়মিত সংরক্ষণ করিতে হইবে।

(১১) লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হইলে কিংবা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী অমান্য করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে।

(১২) শর্ত ১১ এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন) বা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর অধীন ক্ষেত্রমত, আপীল বা পুনর্বিবেচনার আবেদন ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-ঝ**

**[বিধি ৬ (৪) (গ) দ্রষ্টব্য]**

**ফরমালিন পরিবহণের জন্য লাইসেন্স**

এতদ্দারা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ফরমালিন পরিবহনের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স ........................................তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | লাইসেন্স নম্বর | : | তারিখঃ |
| ২। | লাইসেন্সধারী/ব্যক্তি/ প্রতিষ্ঠান/সংস্থার নাম | : | |
| ৩। | লাইসেন্সধারীর ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র নম্বর | : | |
| ৪। | লাইসেন্সধারী/ব্যক্তি/ প্রতিষ্ঠান/সংস্থার ঠিকানা | : | |
| ৫। | নিয়ন্ত্রণাধীন মন্ত্রণালয়ের নাম (সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে) | : | |
| ৬। | ফরমালিন বা উহার যে সকল কাঁচামাল পরিবহন করা হইবে উহাদের বিস্তারিত বিবরণ ও পরিমাণ (বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম ও ফর্মূলাসহ, প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে) | : | |
| ৭। | পরিবহনের রুট | : | |

<u>শর্তাবলীঃ</u>

(১) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে।

(২) এই লাইসেন্স নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহার করা না হইলে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) এই লাইসেন্সে উল্লিখিত ফরমালিন ব্যতীত অন্য কোন ফরমালিন পরিবহন করা যাইবে না।

(৪) পরিবহনকালে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি অথবা সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা/ব্যক্তি অথবা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা/ব্যক্তি এই লাইসেন্স ও উহার আওতাভুক্ত মালামাল পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন।

(৫) যে কোন উপযুক্ত কারণে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ এই লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(৬) লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হইলে, কিংবা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী অমান্য করা হইল লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।

(৭) শর্ত ৬ এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন) বা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর অধীন ক্ষেত্রমত, আপীল বা পুনর্বিবেচনার আবেদন ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

(৮) সংঘর্ষ, উল্টাইয়া যাওয়া বা সম্ভাব্য অন্যবিধ কারণে সৃষ্ট দুর্ঘটনা বা বিচ্যুতির ফলে কোন ফরমালিন পূর্ণ আধার বা উহা কোন অংশ বিনষ্ট না হওয়ার বিষয়ে সতর্কতা অবলম্বন করিতে হইবে।

(৯) সংশ্লিষ্ট ফরমালিন বা উহার কোন অংশবিশেষ যাহাতে হারানো বা খোয়া না যাওয়ার বিষয়ে সতর্কতা অবলম্বন করিতে হইবে।

(১০) ফরমালিন পরিবহনকালে, দৈব দুর্ঘটনা বা প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত অন্য কোন কারণে কোন ফরমালিন বিনষ্ট হইলে বা খোয়া গেলে তজ্জন্য সংশ্লিষ্ট পরিবহনকারী ফরমালিন অপব্যবহারকারী হিসাবে দায়ী হইবেন।

(১১) ফরমালিন পূর্ণ আধার পরিবহনের সময় পরিবহনকারী ফরমালিন পরিবহনের লাইসেন্সের মূল কপির সত্যায়িত অনুলিপি সংরক্ষণ করিবেন এবং শর্ত ৪ এ উল্লিখিত কর্মকর্তা/ব্যক্তির চাহিদা অনুযায়ী উক্ত অনুলিপি দেখাইতে বাধ্য থাকিবেন।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-ঞ**

**[বিধি ৬ (৪) (ঘ) দ্রষ্টব্য]**

**ফরমালিন মজুদ ও বিক্রয়ের জন্য লাইসেন্স**

এতদ্দারা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ফরমালিন মজুদ ও বিক্রয়ের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স ...................................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | লাইসেন্স নম্বর | : | তারিখঃ |
| ২। | লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | : | |
| ৩। | প্রতিষ্ঠানের মালিকের নাম | : | |
| ৪। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ৫। | ঠিকানা— | : | |
| | (ক) অফিস | : | |
| | (খ) ব্যবসার স্থান | : | |
| ৬। | (ক) ড্রাগ লাইসেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| | (খ) প্রদানকারী কর্তৃপক্ষ | : | |
| ৭। | বিক্রয়তব্য ফরমালিনের বিবরণ (বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম ও ফর্মূলাসহ, প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে) | : | |
| ৮। | গুদাম/স্টোরের বিবরণ | : | |
| | (ক) ঠিকানা | : | |
| | (খ) বর্ণনা | : | |
| | (গ) ধারণ ক্ষমতা | : | |
| | (ঘ) গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : | |
| ৯। | প্রতিষ্ঠানে নিয়োজিত কেমিস্টদের নাম, পদবী ও নিয়োগের তারিখ (যদি থাকে) | : | |
| ১০। | ফরমালিন বিক্রয় ও মজুদের কাজে নিয়োজিত ব্যক্তি/ব্যক্তিদের নাম, পদবী ও নিয়োগের তারিখ | : | |

শর্তাবলীঃ

(১) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

(২) লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে ফরমালিন মজুদ ও বিক্রয় করা যাইবে না।

(৩) লাইসেন্স প্রাপ্ত উৎপাদক কিংবা আমদানিকারক ব্যতীত অন্য কাহারও নিকট হইতে এই লাইসেন্সের অধীন ফরমালিন ক্রয় করা যাইবে না।

(৪) এই লাইসেন্সে বর্ণিত ফরমালিন ব্যতীত অন্য কোন ফরমালিন ক্রয়, মজুদ ও বিক্রয় করা যাইবে না।

(৫) এই লাইসেন্সে উল্লিখিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ফরমালিন বিক্রয়ের কাজে নিয়োজিত থাকিতে পারিবেন না।

(৬) লাইসেন্সে উল্লিখিত কেমিস্ট (যদি থাকে) এবং ফরমালিন বিক্রয়ের কাজে নিয়োজিত ব্যক্তি/ব্যক্তিদের কোনরূপ পরিবর্তন ঘটিলে বিষয়টি তাৎক্ষণিকভাবে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(৭) এই লাইসেন্সের অধীন মজুদকৃত ফরমালিন চুরি যাওয়া, বেহাত হওয়া, কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৮) ফরমালিন ব্যবহারের লাইসেন্সধারী ব্যতীত অন্য কাহারও নিকট এই লাইসেন্সের অধীন কোন ফরমালিন বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না ।

(৯) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি অথবা সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা/ব্যক্তি অথবা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা/ব্যক্তি দিনে বা রাত্রে যে কোন সময়ে এই লাইসেন্স এবং উহার আওতাভুক্ত প্রাঙ্গণ, স্থাপনা, মজুদ ফরমালিন, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, ক্যাশমেমো, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করার কাজে সকল প্রকার সহযোগিতা করিতে হইবে।

(১০) নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সর আওতাভুক্ত ফরমালিনের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

(১১) ফরমালিন ব্যবহারের জন্য লাইসেন্সধারী ব্যক্তির লাইসেন্সে উল্লিখিত পরিমাণের অধিক ফরমালিন বিক্রয় করা যাইবে না।

১২। লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হইলে, কিংবা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী অমান্য করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে।

(১৩) শর্ত ১২ এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন) বা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর অধীন ক্ষেত্রমত, আপীল বা পুনর্বিবেচনার আবেদন ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওযা যাইবে না।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-ট**

**[বিধি ৬ (৪) (ঙ) দ্রষ্টব্য]**

**ফরমালিন ব্যবহারের জন্য লাইসেন্স**

এতদ্দ্বারা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থাকে ফরমালিন ব্যবহারের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স ....................................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | লাইসেন্স নম্বর | : | তারিখঃ |
| ২। | প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | : | |
| ৩। | (ক) প্রতিষ্ঠান প্রধান/ব্যক্তির নাম, পদবী ও জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| | (খ) ঠিকানা | : | |
| | (গ) টেলিফোন নম্বর | : | |
| ৪। | ফরমালিন বা উহার যে সকল কাঁচামাল ব্যবহার করিতে পারিবেন | : | |
| | উহাদের বিস্তারিত বিরবণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক শীট ব্যবহার করা যাইবে) | | |
| | (ক) ফরমালিন বা কাঁচামালের নাম | : | |
| | (খ) বার্ষিক কোটার পরিমাণ | : | |
| ৫। | ফরমালিন ব্যবহারের স্থান | : | |
| ৬। | ফরমালিন ব্যবহারের উদ্দেশ্য | : | |
| ৭। | প্রতিষ্ঠানের গুদাম/স্টোরের অবস্থান (পেরিফেরিসহ) | : | |
| ৮। | ফরমালিন ব্যবহারের কাজে নিয়োজিত থাকিবেন এইরূপ ব্যক্তিবর্গের নাম ও পদবী (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক শীট ব্যবহার করা যাইবে) | : | |
| ৯। | সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফরমালিন ব্যবহারের কাজে নিয়োজিত থাকিবেন এইরূপ ব্যক্তিবর্গের নাম ও পদবী (ছাত্র ও গবেষকদের ক্ষেত্রে শ্রেণী এবং রোল নম্বর উল্লেখ করিতে হইবে, প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক শীট ব্যবহার করা যাইবে) | : | |

শর্তাবলীঃ

(১) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

(২) এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে ফরমালিন মজুদ ও ব্যবহার করা যাইবে না।।

(৩) লাইসেন্সপ্রাপ্ত উৎপাদক, আমদানিকারক এবং বিক্রেতা ব্যতীত অন্য কাহারও নিকট হইতে এই লাইসেন্সের অধীন ফরমালিন ক্রয় করা যাইবে না।

(৪) এই লাইসেন্সে বর্ণিত ফরমালিন ব্যতীত অন্য কোন ফরমালিন ব্যবহার করা যাইবে না।

(৫) কেবলমাত্র লাইসেন্সে অনুমোদিত পরিমাণ ফরমালিনই ব্যবহার করা যাইবে।

(৬) এই লাইসেন্সে উল্লিখিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত ফরমালিন ব্যবহার করিতে পারিবে না।

(৭) এই লাইসেন্সে উল্লিখিত ফরমালিন ব্যবহারকরীদের কোনরূপ পরিবর্তন ঘটিলে বিষয়টি তাৎক্ষণিকভাবে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(৮) এই লাইসেন্সের আওতাভুক্ত ফরমালিন চুরি যাওয়া, বেহাত হওয়া, কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৯) এই লাইসেন্সে বর্ণিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই লাইসেন্সের আওতাভুক্ত ফরমালিন ব্যবহার করা যাইবে না।

(১০) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি অথবা সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা/ব্যক্তি অথবা লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় লাইসেন্সে, সংশ্লিষ্ট প্রাঙ্গণ, উহার আওতাভুক্ত স্থাপনা, মজুত ফরমালিন, রেজিস্ট্রার, কাগজপত্র, হিসাবের খাতাপত্র, ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার সময় সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।

(১১) নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত ফরমালিনের হিসাব সংরক্ষণ করিতে হইবে।

(১২) লাইসেন্স গ্রহণকালে পরিবেশিত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হইলে, কিংবা ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫ নং আইন), ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এবং এই লাইসেন্সের শর্তাবলী অমান্য করা হইল লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স বাতিল প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।

(১৩) শর্ত ১২-এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ বা ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর অধীন ক্ষেত্রমত, আপীল বা পুনর্বিবেচনার আবেদন ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

**ফরম-ঠ**

**[বিধি ২৩ (২) দ্রষ্টব্য]**

**ফরমালিন আমদানির জন্য ছাড়পত্র**

ইস্যু নম্বর: তারিখ:

ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং এই ছাড়পত্রে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থাকে তাঁর ......................তারিখের আবেদনের প্রেক্ষিতে ফরমালিন আমদানির ছাড়পত্র প্রদান করা হইল।

১। ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :

২। প্রতিষ্ঠানের মালিক/প্রধানের নাম :

৩। (ক) প্রতিষ্ঠানের মালিক/প্রধানের জাতীয় পরিচয়পত্র নম্বর :

(খ) ঠিকানা :

৪। আমদানির জন্য নির্ধারিত ফরমালিন বা উহার কাঁচামালের বিস্তারিত বিবরণ ও পরিমাণ (প্রয়োজনে স্বাক্ষর ও সীলমোহরযুক্ত পৃথক শীট ব্যবহার করা যাইবে) :

৫। ফরমালিন আমদানির উদ্দেশ্য :

৬। আমদানিতব্য ফরমালিনের মোট মূল্য :

৭। সরবরাহকারীর নাম ও ঠিকানা :

৮। প্রবেশ বন্দর :

৯। ছাড়পত্রের মেয়াদ :

<u>শর্তাবলীঃ</u>

(১) এই ছাড়পত্র হস্তান্তরযোগ্য হইবে না।

(২) এই ছাড়পত্র একবারের বেশি ব্যবহার করা যাইবে না।

(৩) এই ছাড়পত্রের মাধ্যমে আমদানিকৃত ফরমালিন বা উহার উপাদান বা উপকরণ এই ছাড়পত্রে উল্লিখিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

(৪) এই ছাড়পত্রের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যাবতীয় আর্থিক ও আইনগত দায়-দায়িত্ব আমদানিকারককে বহন করিতে হইবে।

(৫) এই ছাড়পত্রের বর্ণিত রুট এবং প্রবেশ বন্দর ব্যতীত অন্য কোন রুট বা বন্দর ব্যবহার করা যাইবে না।

(৬) নির্ধারিত সময়ের মধ্যে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

(৭) উপযুক্ত কারণ দর্শাইতে সক্ষম হইলে লাইসেন্সি কর্তৃপক্ষ উহা নবায়ন করিতে পারিবে; তবে একবারের বেশি কোন ছাড়পত্র নবায়ন করা যাইবে না।

(৮) এই ছাড়পত্রের মাধ্যমে কোন ফরমালিন আমদানি করিতে হইলে ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ (২০১৫ সনের ৫নং আইন) এবং ফরমালিন (আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানি নীতি আদেশ এবং শুল্ক, আবগারী ও ভ্যাটসংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

(৯) যে কোন যুক্তিসঙ্গত কারণে এই ছাড়পত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে লাইসেন্সিং কর্তৃপক্ষ বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

তারিখ: কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহর

## তফসিল-২

### [বিধি-২০ (১)]

### আমদানিকৃত, উৎপাদিত, বিক্রয়কৃত এবং ব্যবহৃত ফরমালিন হিসাবের ফরম

### ফরমালিন আমদানির হিসাবের ফরম

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও তারিখসহ লাইসেন্স নম্বর | ফরমালিনের উপাদান/ কাঁচামালের নাম | সরবরাহকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ইনভয়েস নং ও তারিখ | আমদানির ছাড়পত্র নং ও তারিখ | প্রাপ্তি/ সরবরাহের তারিখ | প্রারম্ভিক মজুদ | আমদানির পরিমাণ | মোট পরিমাণ | বিক্রয়/ ব্যবহারের পরিমাণ | ক্রেতার নাম ও ঠিকানা | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

### ফরমালিন উৎপাদনের হিসাবের ফরম

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও তারিখসহ লাইসেন্স নম্বর | ফরমালিনের উপাদান/ কাঁচামালের নাম | উৎপাদিত ফরমালিনের ফর্মুলা | ব্যবহৃত কাঁচামালের পরিমাণ | উৎপাদিত ফরমালিনের পরিমাণ | ব্যাচ নম্বর ও তারিখ | মোট উৎপাদন | অবশিষ্ট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

### ফরমালিন বিক্রয়ের হিসাবের ফরম

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | লাইসেন্স নম্বর ও তারিখ | ফরমালিনের মোট পরিমাণ | ফরমালিন প্রাপ্তির উৎস (সরবরাহকারী প্রতিষ্ঠানের বিবরণ) | বিক্রয়ের পরিমাণ | ক্রেতার নাম ও ঠিকানা | ক্রেতার লাইসেন্স নম্বর ও তারিখ | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

### ফরমালিন ব্যবহারের হিসাবের ফরম

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | লাইসেন্স নম্বর ও তারিখ | ফরমালিনের মোট পরিমাণ | ফরমালিন প্রাপ্তির উৎস (সরবরাহকারী প্রতিষ্ঠানের বিবরণ) | ব্যবহাররের পরিমাণ | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুল ইসলাম**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd